

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৪২

মোহনপুর, ২০ নভেম্বর, ২০২০

### ২৩ নভেম্বর মোহনপুর ব্লকভিত্তিক যুব উৎসব

আগামী ২৩ নভেম্বর তারাপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে মোহনপুর ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে সম্প্রতি মোহনপুর পঞ্চায়েত সমিতি হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীনা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, মোহনপুর ব্লকের বিডিও ধৃতি শেখর রায়, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সহ বিভিন্ন ব্লক ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ২৩ নভেম্বর তারাপুর উচ্চমাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে মোহনপুর ব্লক ভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। যুব উৎসবে লোকসঙ্গীত, লোকনৃত্য, গল্প লেখা, পোষ্টার লেখা, আবৃত্তি, ফটোগ্রাফি, বক্তৃতা, হস্তকার শিল্প, বয়ন শিল্প, কৃষি পণ্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। তাছাড়া প্রতিযোগিতাহীন বিভাগে নেশামুক্ত ত্রিপুরা, এইডস নিয়ন্ত্রণ, প্লাস্টিক বিরোধী অভিযানসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হবে। এই যুব উৎসবকে সুন্দর ও সফল করে তোলার জন্য একটি মূল কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।

\*\*\*\*\*